

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 07-11-2025**  
**Time: 07:55-08:05 PM Hrs**  
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ "বল্দে মাতৱম" সঙ্গীতের ১৫০ বৰ্ষপূর্তি উপলক্ষে বৰ্ষব্যাপী অনুষ্ঠানের উদ্বোধন কৰেন।
- (২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ বল্দে মাতৱম গান বচনার ১৫০ বছৰ পূর্তি রাজ্যভিত্তিক অনুষ্ঠানের সূচনা কৰেন।
- (৩) রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লু বল্দেমাতৱমের ১৫০ বছৰ পূর্তি উপলক্ষে আজ আমবাসা টাউন হলে ধলাই জেলা প্ৰশাসন আয়োজিত অনুষ্ঠানের সূচনা কৰেন।
- (৪) ছত্ৰিশগড়ে অনুষ্ঠিত অনুৰ্ধ্ব ১৪ বছৰের জাতীয় সাবজুনিয়ৰ ফুটবল প্ৰতিযোগিতাৰ বালক বিভাগে ত্ৰিপুৰা ফ্ৰিপ চ্যাম্পিয়ন হয়ে সেমিফাইনালে উঠেছে।

\*\*\*\*\*

**150 years of Bande Mataram-PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুনদিল্লিতে ইন্দিৱা গান্ধী ইন্ডোৱ স্টেডিয়ামে "বল্দে মাতৱম" সঙ্গীতের ১৫০ বৰ্ষপূর্তি উপলক্ষে বৰ্ষব্যাপী অনুষ্ঠানের উদ্বোধন কৰেন।

# # # # Vandemataram Song # # # #

প্রধানমন্ত্রী এই উপলক্ষে একটি স্মাৱক ডাকটিকিট এবং মুদ্ৰাও প্ৰকাশ কৰেছেন। তিনি "vandemataram150.in" পোৰ্টেলটিও চালু কৰেছেন, যেখানে জনগণ বল্দেমাতৱম গান গেয়ে ভিডিও আপলোড কৰতে পাৱেন এবং সাটিফিকেট পাৱেন। প্রধানমন্ত্রী বলেন, বল্দে মাতৱম একটি মন্ত্ৰ, একটি শক্তি, একটি স্বপ্ন এবং একটি সংকলন।

# ##### Byte-PM 1 #####

প্রধানমন্ত্রী আরও বলেন, বক্ষিমচন্দ্র চট্টোপাধ্যায় এই গানের মাধ্যমে একটি স্বাধীন, প্রক্ষযবন্ধ এবং সমৃদ্ধ ভারতের জন্য একটি স্পষ্ট আহ্বানের সূচনা করেন। তিনি বলেন, বন্দেমাতরম গান প্রতিটি যুগে প্রাসঙ্গিক।

# ##### Byte-PM 2 #####

\*\*\*\*\*

### **150 years of Bande Mataram-President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্ম আজ বল্দে মাতরমের ১৫০তম বার্ষিকী উপলক্ষে সামাজিক মাধ্যমে বলেছেন যে বক্ষিমচন্দ্র চট্টোপাধ্যায় উনিশ শতকে সন্ন্যাসী বিদ্রোহের পটভূমিতে "বল্দে মাতরম" অমর গানটি রচনা করেছিলেন, যা ১৯০৫ সালের স্বদেশী আন্দোলনের সময় ব্রিটিশ রাজের বিরুদ্ধে অনুপ্রেরণার উৎস হয়ে ওঠে।

এ উপলক্ষে উপ-রাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণণ সামাজিক মাধ্যমে বল্দে মাতরমকে একটি কালজয়ী সঙ্গীত হিসেবে বর্ণনা করে বলেন এটি জাতীয়তাবাদের চেতনা জাগ্রত করেছে এবং প্রজন্মের পর প্রজন্মকে অনুপ্রাণিত করে চলেছে।

\*\*\*\*\*

### **150 years of Vande Mataram-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলার সচিবালয় প্রাঙ্গনে বল্দে মাতরম গান রচনার ১৫০ বছর পূর্তি রাজ্যভিত্তিক অনুষ্ঠানের সূচনা করেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, বন্দেমাতরম শুধুমাত্র একটি সঙ্গীতই নয়, এটি আগামী প্রজন্মের মধ্যে দেশাঘবোধের ভাবনা ও দেশপ্রেম জাগিয়ে তোলার এক অন্যতম মাধ্যম। আজ থেকে আগামী বছরের ৭ই নভেম্বর পর্যন্ত দেশজুড়ে চারটি পর্যায়ে বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে 'বন্দেমাতরম' গান রচনার ১৫০ বছর পূর্তি উদ্যাপনের উদ্যোগ নেওয়া হয়েছে।

অনুষ্ঠানের শুরুতে মুখ্যমন্ত্রী সহ অন্যান্য অতিথিগণ ভারতমাতার প্রতিকৃতিতে মাল্যদান করে শুন্দা নিবেদন করেন। এরপর এই গানের প্রেক্ষাপট নিয়ে একটি স্বল্প দৈর্ঘ্যের তথ্যচিত্র প্রদর্শিত হয়। অনুষ্ঠানে ১৫০ জন শিল্পী বন্দেমাতরম গানটি পরিবেশন করেন।

\* \* \* \* \*

### **150 years of Bande Mataram-Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বন্দেমাতরম গান রচনার ১৫০ বছর পূর্তি উপলক্ষ্যে আজ আমবাসা টাউন হলে ধলাই জেলা প্রশাসন আয়োজিত অনুষ্ঠানের সূচনা করেন। তিনি ভারত মাতার প্রতিকৃতিতে পুস্পার্ঘ অর্পণ করেন। অনুষ্ঠানে সমবেত কল্টে বন্দেমাতরম সংগীত গাওয়া হয়। উপস্থিত ছিলেন প্রাণিসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস, ধলাই জিলা সভাধিনেত্রী সুমিতা দাস, বিধায়ক চিওরঙ্গন দেববর্মা, বিধায়িকা স্বপ্না দাস পাল প্রমুখ। অনুষ্ঠান শেষে রাজ্যপাল বন্দেমাতরম স্টলের উদ্বোধন করেন।

আমবাসা সার্কিট হাউসে এডিসি প্রশাসনের ধলাই জোনালের আধিকারিকদের সঙ্গে রাজ্যপাল একটি পর্যালোচনা বৈঠক করেন। এরপর তিনি কমলাছড়া ও হাদুকলুক পাড়ায় পুনর্বাসনপ্রাপ্ত ক্ল উদ্বাস্তুদের সঙ্গে কথা বলেন ও তাদের বাড়িঘর, অঙ্গনওয়াড়ি কেন্দ্র, আয়ুষ্মান মন্দিরও পরিদর্শন করেন।

\* \* \* \* \*

### **150 years of Vande Mataram-Ratanlal Nath :**

বন্দেমাতরম গান রচনায় ১৫০ বছর পূর্তি উপলক্ষ্যে আগরতলার মুক্তধারা অডিটোরিয়ামে পশ্চিম জেলাভিত্তিক অনুষ্ঠানের সূচনা করে বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ বলেন, দেশকে বিকশিত করতে হলে অতীত সম্পর্কে জ্ঞান অর্জন প্রয়োজন। উপস্থিত ছিলেন সাংসদ রাজীব ভট্টাচার্য, পশ্চিম ত্রিপুরা জিলা সভাধিপতি বিশ্বজিৎ শীল, পশ্চিম ত্রিপুরা জেলাশাসক ডাঃ বিশাল কুমার প্রমুখ।

\* \* \* \* \*

## **150th Anniversary Vandematram-North :**

ধর্মনগরের অর্ধেন্দু ভট্টাচার্য স্মৃতিভবনে আয়োজিত অনুষ্ঠানে বর্ষব্যাপী অনুষ্ঠানের সূচনা করেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা। উপস্থিতি ছিলেন বিধায়ক যাদব লাল নাথ, উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিনেত্রী অপর্ণা নাথ, ধর্মনগর পুর পরিষদের চেয়ারপার্সন মিতালী রাণী দাস সেন প্রমুখ। অনুষ্ঠানে উপস্থিতি সবাই বন্দেমাতরম গানে সুর মেলান।

\*\*\*\*\*

## **150 years of Bande Mataram-Unakoti :**

যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায় আজ কৈলাশহরের উনকোটি কলাক্ষেত্রে আয়োজিত জেলাভিত্তিক অনুষ্ঠানের উদ্বোধন করে বলেন, বন্দেমাতরম স্তোত্র জাতীয় চেতনার প্রতীক। বঙ্গব্য রাখেন কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, উনকোটি জেলার জেলা শাসক ডক্টর তমাল মজুমদার প্রমুখ। অনুষ্ঠানে এখানে বিভিন্ন বিদ্যালয়ের ১৫০ জন ছাত্র-ছাত্রী সমবেতভাবে বন্দেমাতরম গীত পরিবেশন করে।

\*\*\*\*\*

## **Update Akashvani :**

এথবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

##### Sound Byte #####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ড্রিউ. ড্রিউ. ড্রিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলাটিস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

### **CM-Killa :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন জনজাতি এলাকার সার্বিক উন্নয়নে কেন্দ্র ও রাজ্য সরকার যৌথভাবে কাজ করছে। গোমতী জেলার কিল্লা দশরথ দেব মেমোরিয়াল ইংরেজি মাধ্যম মডেল হাইস্কুল মাঠে আজ জনজাতি মহিলাদের মধ্যে তাঁত বুননের সূতা বিতরণ অনুষ্ঠানে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী জনজাতিদের উন্নয়নে গৃহিত বিভিন্ন প্রকল্প বিস্তারিত উল্লেখ করেন। উপস্থিত ছিলেন জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা, সাংসদ রাজীব ভট্টাচার্য, বিধায়ক রামপদ জমাতিয়া প্রমুখ।

\*\*\*\*\*

### **November Biplab Diwas :**

সিপিআইএম-এর উদ্যোগে আজ আগরতলার মেলারমাঠে নভেম্বর বিপ্লব দিবস উপলক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিরোধী দলনেতা জীতেন্দ্র চৌধুরী বলেন, মানুষের মৌলিক, অর্থনৈতিক এবং সামাজিক সমস্যা সমাধানের লক্ষ্যে গণতন্ত্রের ভিতকে আরো শক্তিশালী করতে হবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রাক্তন মন্ত্রী মানিক দে, বিধায়ক রাতন ভৌমিক প্রমুখ।

\*\*\*\*\*

### **150 years of Bande Mataram-Airport :**

এয়ারপোর্ট অর্থনীতি অফ ইন্ডিয়ার পক্ষ থেকে আগরতলা এমবিবি বিমানবন্দরে আয়োজিত অনুষ্ঠানে বন্দেমাতরম সংগীত পরিবেশন করেন শিল্পী প্রসেনজিং মজুমদার। তার সঙ্গে সুর মেলান বিমানবন্দরের আধিকারিক, কর্মী এবং সি..আইএস.এফ জওয়ানরা। দিনটির তাৎপর্য ব্যাখ্যা করেন আগরতলা বিমানবন্দরের অধিকর্তা কে এম মেহেরো।

\*\*\*\*\*

### **Vandemataram, Akashvani :**

নতুনদিলির আকাশবাণী ভবনে আজ বল্দে মাতরমের ১৫০তম বার্ষিকী উদযাপন অনুষ্ঠানে সংবাদ বিভাগের অতিরিক্ত মহানির্দেশক ধীরাজ এম কাকাদিয়াও এই অনুষ্ঠানে যোগ দেন। এই উপলক্ষে নিউ ব্রডকাস্টিং হাউস প্রাঙ্গণে বেশ কয়েকজন শিল্পী একত্রিত হয়ে জাতীয় সঙ্গীত গেয়েছিলেন।

আকাশবাণী আগরতলা কেন্দ্রের কার্যক্রম বিভাগের প্রধান জয়শ্রী দেববর্মা এবং আকাশবাণী কৈলাশহর কেন্দ্রের অনুষ্ঠান বিভাগের ভারপ্রাপ্ত কার্যকরক প্রবাল ভট্টাচার্য ও কর্মী আধিকারিকরা বল্দেমাতরম সঙ্গীতে সুর মেলান।

\*\*\*\*\*

### **150 years of Bande Mataram- Sepahijala :**

বল্দেমাতরম সংগীতের ১৫০ বছর পূর্তি উপলক্ষে বিশ্রামগঞ্জের শচীন দেববর্মন স্মৃতি কলাক্ষেত্রে সিপাহীজলা জেলাভিত্তিক বর্ষব্যাপী এই কর্মসূচির সূচনা করেন পর্যটন দ্বন্দ্বের মন্ত্রী সুশান্ত চৌধুরী। উপস্থিত ছিলেন বিধায়ক অন্তরা সরকার দেব, জেলাশাসক ডক্টর সিদ্ধার্থ শিব জয়সওয়াল প্রমুখ।

\*\*\*\*\*

### **150 years of Bande Mataram- South :**

দক্ষিণ জেলা প্রশাসনের উদ্যোগে বিলোনিয়ার শচীন দেববর্মন অডিটোরিয়ামে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সমবায় মন্ত্রী শুল্কারণ নোয়াতিয়া, দক্ষিণ জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, জেলাশাসক মহম্মদ সাজ্জাদ পি প্রমুখ। অনুষ্ঠানে অতিথিগণ ও বিভিন্ন স্কুলের শিক্ষক শিক্ষিকা, ছাত্রছাত্রীগণ বল্দেমাতরম সংগীতে সুর মেলান। শান্তিরবাজার পুর পরিষদের উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক প্রমোদ রিয়াং, পুর পরিষদের চেয়ারপার্সন স্বপ্না মজুমদার বৈদ্য প্রমুখ।

\*\*\*\*\*

### **150 years of Bande Mataram- BJP :**

আগরতলায় প্রদেশ বিজেপি কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে বিজেপি নেতৃবৃন্দ, কর্মী বল্দেমাতরম সঙ্গীত পরিবেশন করেন। উপস্থিত ছিলেন প্রদেশ বিজেপি সহসভাপতি সুবল ভৌমিক, মুখ্যপত্র নবেন্দু ভট্টাচার্য প্রমুখ।

\*\*\*\*\*

### **Book Fair :**

ত্রিপুরা পাবলিশার্স গিল্ড ও এগিয়ে চল সংঘের যৌথ উদ্যোগে তিন দিনব্যাপী চতুর্থ বই উৎসব আজ আগরতলার এগিয়ে চলো সংঘ মাঠে শুরু হয়েছে। উদ্বোধন করেন উত্তির্ষ্যা উচ্চ আদালতের অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতি শুভাশিস তলাপত্র। উপস্থিত ছিলেন বিশিষ্ট লেখক বুধরাই দেববর্মা, গিল্ডের সভাপতি শুভব্রত দেব, এগিয়ে চল সংঘের সভাপতি চঞ্চল নন্দী।

\*\*\*\*\*

### **150 years of Vande Mataram-khowai :**

খোয়াই জেলা প্রশাসনের উদ্যোগে আজ খোয়াই দশরথ দেব মেমোরিয়াল কলেজের অডিটোরিয়ামে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বনমন্ত্রী অনিমেষ দেববর্মা, জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা, খোয়াই জেলার জেলাশাসক রজত পাত্র, প্রমুখ। অনুষ্ঠানে বনমন্ত্রী বলেন, বর্তমান প্রজন্মের ছাত্রছাত্রীদের বল্দেমাতরম সংগীতের ইতিহাস সম্পর্কে জানানোর উপর গুরুত্ব আরোপ করেন।

\*\*\*\*\*

### **National Football :**

ছত্তিশগড়ে অনুষ্ঠিত অনুর্ধ্ব ১৪ বছরের জাতীয় সাবজুনিয়র ফুটবল প্রতিযোগিতার বালক বিভাগে ত্রিপুরা গ্রুপ চ্যাম্পিয়ন হয়ে সেমিফাইনালে উঠেছে। গ্রুপের দ্বিতীয় খেলায় আজ রামকৃষ্ণ আশ্রম মাঠে রাজ্যদল ৮-০ গোলের বিশাল ব্যবধানে আন্দামান ও নিকোবরকে হারিয়ে দেয়। রাজ্যদলের পক্ষে সান জমাতিয়া হ্যাট্ট্রিক করে। এছাড়া আকাশ রিয়াং দুটি

এবং মেসকারিয়ান রিয়াং, সায়ন দাস ও প্রদীপ পার্শি একটি করে গোল করে। সেমিফাইনালে রাজ্যদল খেলবে শক্তিশালী তামিলনাড়ুর বিরুদ্ধে।

\* \* \* \* \*

### **Ranji Trophy :**

ত্রিপুরা ও আসামের মধ্যে রঞ্জি ট্রফির চারদিনের খেলা আগামীকাল থেকে আগরতলায় শুরু হচ্ছে। এম বি বি স্টেডিয়ামে সকাল সাড়ে ৮টায় ম্যাচটি শুরু হবে। আজ উভয় দল বেশ কিছুটা সময় অনুশীলন করে। এরআগে তিনটি করে ম্যাচ খেলে ত্রিপুরা ৩ ও আসাম ২ পয়েন্ট সংগ্রহ করেছে।

\* \* \* \* \*

### **Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩.৪ ডিগ্রি সেলসিয়াস।

\* \* \* \* \*